

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং ১৬ন/২০২৩

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

তারিখ: ০২/১১/২০২৩ খ্রি:

জরুরী বিজ্ঞপ্তি

কাস্টম হাউস, চট্টগ্রামের নমুনা শাখায় রক্ষিত পণ্যের নমুনা জরুরী ভিত্তিতে ফেরত নেয়া প্রসঙ্গে

এসোসিয়েশনের সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টম হাউস, চট্টগ্রাম এর মাধ্যমে আমদানিকৃত পণ্যের সঠিক প্রকৃতি নির্ণয় ও শ্রেণীবিন্যাসের লক্ষ্যে পণ্যচালান শতভাগ কার্যিক পরীক্ষার পর পণ্যের নমুনা জেটি কাস্টমস হতে কাস্টম হাউসের নমুনা শাখায় প্রেরণ করা হয়। পরবর্তীতে সংশ্লিষ্ট গ্রুপের মাধ্যমে শুক্কায়ন কার্যক্রম সম্পন্ন হওয়ার পর সিএন্ডএফ প্রতিনিধিগণ নমুনা শাখা থেকে উক্ত নমুনা গ্রহণ করে থাকেন। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে, অধিকাংশ সিএন্ডএফ কর্তৃক পণ্যের নমুনা যথাসময়ে গ্রহণ না করার কারণে নমুনা শাখায় নমুনার দীর্ঘ জট সৃষ্টি হয়েছে, ফলে নমুনা সংরক্ষণ ও ব্যবস্থাপনা ঝুঁকিপূর্ণ হয়ে দাড়িয়েছে। এ বিষয়ে কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক ইতিপূর্বে অফিস আদেশ (নথি নং-এস ১৫-২২/জেনারেল/লাইঃ/ইম্পোঃ/৭৬-৯২(অংশ-৩)/১৮৭২২(কাস), তারিখ: ১২/০৩/২০২৩ খ্রি:) এর মাধ্যমে সিএন্ডএফ এজেন্টদেরকে পণ্যচালান শুক্কায়নের ৩ (তিন) দিনের মধ্যে নমুনা শাখা হতে নমুনা ফেরত নেয়ার জন্য বলা হয়। কিন্তু অধিকাংশ সিএন্ডএফ এজেন্ট উক্ত আদেশ পরিপালন করছেন না।

এ প্রেক্ষিতে কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃপক্ষের নির্দেশক্রমে নমুনা শাখায় রক্ষিত নমুনা আগামী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ফেরত নেয়ার জন্য সম্মানিত সদস্যদেরকে বিশেষভাবে অনুরোধ করা হলো। অন্যথায় কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টের বিরুদ্ধে কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা-২০২০ অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে নির্দেশনা প্রদান করেছেন।



কাজী মাহমুদ ইমাম (বিলু)

সাধারণ সম্পাদক